

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫২১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০৪০]

৩१। शानीय़ वख (کتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২০. মেযবানের সস্তুষ্টি সম্পর্কে নিশ্চিত থাকলে অন্যকে সাথে নিয়ে তার গৃহে উপস্থিত হওয়া জায়িয, আর একত্র থেকে খাওয়া মুস্তাহাব

باب جَوَازِ اسْتِتْبَاعِهِ غَيْرَهُ إِلَى دَارِ مَنْ يَثِقُ بِرِضَاهُ بِذَلِكَ وَيَتَحَقَّقُهُ تَحَقُّقًا تَامَّا وَاسْتِحْبَابِ الإَجْتِمَاعِ عَلَى الطَّعَامِ

আরবী

وَحَدَّتَنِي عَمْرُو النَّاقِدُ، حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرِ الرَّقِيُّ، حَدَّتَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ أَمَرَ أَبُو عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ أَمَرَ أَبُو طَلْحَةَ أُمَّ سَلْيَهٍ أَنْ تَصِنْعَ، لِلنَّبِيِّ صلى الله عليه وسلم طَعَامًا لِنَفْسِهِ خَاصَّةً ثُمَّ أَرْسلَنِي لِيْلُهِ. وَسَاقَ الْحَدِيثَ وَقَالَ فِيهِ فَوَضَعَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَدَهُ وَسَمَّى عَلَيْهِ ثُمَّ قَالَ " النَّذَنْ لِعَشرَةٍ " . فَأَذِنَ لَهُمْ فَدَخَلُوا فَقَالَ " كُلُوا وَسَمُّوا اللَّهَ " . فَأَكُلُوا حَتَّى فَعَلَ قَالَ " النَّذَنْ لِعَشرَةٍ " . فَأَكُلُ النَّبِيُّ صلى الله عليه وسلم بَعْدَ ذَلِكَ وَأَهْلُ الْبَيْتِ وَتَرَكُوا ذَلِكَ بِثَمَانِينَ رَجُلاً . ثُمَّ أَكُلَ النَّبِيُّ صلى الله عليه وسلم بَعْدَ ذَلِكَ وَأَهْلُ الْبَيْتِ وَتَرَكُوا شُورًا . ثُمَّ أَكُلَ النَّبِيُّ صلى الله عليه وسلم بَعْدَ ذَلِكَ وَأَهْلُ الْبَيْتِ وَتَرَكُوا شُورًا .

বাংলা

৫২১৪-(.../...) আমর আন নাকিদ (রহঃ) আনাস ইবনু মালিক (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একমাত্র নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য খাবার তৈরি করতে আবূ তালহাহ্ (রাযিঃ) উন্মু সুলায়ম (রাযিঃ) কে আদেশ করলেন। অতঃপর তিনি আমাকে তার কাছে প্রেরণ করলেন। অতঃপর রাবী শেষ পর্যন্ত হাদীসটি রিওয়ায়াত করেন। এ হাদীসে তিনি বলেছেন, অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাতে হাত রাখলেন এবং আল্লাহর নাম স্মরণ করলেন। অতঃপর বললেন, দশজনকে ডাকো। তাদের ডাকলে তারা ঘরে ঢুকলো। তিনি বললেন, তোমরা বিসমিল্লাহ (আল্লাহর নামে) বলে খাওয়া শুরু করো। তারা আহার করলো। এভাবে আশিজনের সাথে এ রকম করলেন। সবশেষে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও ঘরের লোকেরা খাবার খেলেন এবং কিয়দংশ রেখে গেলেন। (ইসলামিক ফাউন্ডেশন ৫১৪৬, ইসলামিক সেন্টার ৫১৫৮)

English



Anas b. Malik reported:

Abu Talha ordered Umm Sulaim to prepare a meal specially for Allah's Apostle (ﷺ). He then sent me to him (to the Holy Prophet); the rest of the hadith is the same (but there is a slight variation of wording):" Allah's Messenger (ﷺ) placed his hand and mentioned the name of Allah upon that, and then said: Admit ten men. He (Abu Talha) admitted them and they got in. He (the Holy Prophet) said: Eat while mentioning the name of Allah upon it (the meal). They ate until eighty persons had taken the food. Then Allah's Apostle (ﷺ) had his meal and so the members of the household, and still they left some food."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন